**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 24-07-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা আজ মহাকরণের কনফারেন্স হলে বিভিন্ন সরকারী দপ্তরে ওয়েব পোর্টাল সংক্রান্ত এক উচ্চপদস্থ বৈঠকে পৌরোহিত্য করেন ।**

**(২) জনজাতি কল্যাণ মন্ত্রী বিকাশ দেববর্মা বলেছেন, অয়েল পাম চাষ কৃষকদের জীবিকার উন্নয়নে গুরুত্বপূর্ণ ।**

**(৩) ভারত ও যুক্তরাজ্য আজ একটি ঐতিহাসিক মুক্ত বাণিজ্য চুক্তি স্বাক্ষর করেছে ।**

**(৪) টিসিএ পরিচালিত প্রথম বারের মত অনূর্ধ্ব ১৮ বছরের ক্লাব ক্রিকেট প্রতিযোগিতা আজ থেকে শুরু হয়েছে ।**

*******************************************

**CM :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা আজ মহাকরণের কনফারেন্স হলে বিভিন্ন সরকারী দপ্তরে ওয়েব পোর্টাল সংক্রান্ত এক উচ্চপদস্থ বৈঠকে পৌরোহিত্য করেন। তিনি বলেন প্রশাসনকে সকল অংশের জনগনের হাতের নাগালের মধ্যে পৌঁছে দিতে আধুনিক প্রযুক্তি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। বিশেষ করে ওয়েব পোর্টালের মাধ্যমে নাগরিকদের অভিযোগ সমাধান পদ্ধতি অত্যন্ত কার্যকরী হয়ে ওঠে। এই লক্ষ্যে নিয়মিত পোর্টালগুলোকে সশক্ত করে তোলা হচ্ছে।

******************************

**NMEO–OP Bikash Debbarma :**

জনজাতি কল্যাণ মন্ত্রী বিকাশ দেববর্মা বলেছেন অয়েল পাম চাষ রাজ্যের কৃষকদের জীবন জীবিকার উন্নয়নে, বিশেষত জনজাতি এলাকার আর্থ-সামাজিক অবস্থার পরিবর্তনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। সরকার সুবিধাভোগী কৃষকদের চারার সঙ্গে আর্থিক সহযোগিতাও প্রদান করবে, যাতে এই উদ্যোগ বাস্তবে সফল হয়। আজ তেলিয়ামুড়া কৃষি মহকুমা দপ্তরের উদ্যোগে জাতীয় ভোজ্য তেল মিশন অন অয়েল পাম প্রকল্পে মুঙ্গিয়াকামি ব্লকের উত্তর গোকুলনগরের লিচু বাগানে অনুষ্ঠিত মেগা অয়েল পাম প্ল্যান্টেশন কর্মসূচির উদ্বোধন করে একথা বলেন তিনি। অনুষ্ঠানে উপস্থত ছিলেন খোয়াই জেলার কৃষি আধিকারিক সাবেন্দ্র দেববর্মা, হর্টিকালচার ডিরেক্টর দীপক দাস প্রমুখ।

*******************************

**Biplab Kumar Deb :**

সাংসদ বিপ্লব কুমার দেব আজ নতুন দিল্লিতে কেন্দ্রীয় আবাসন, শহরাঞ্চল বিষয়ক এবং বিদ্যুৎমন্ত্রী মনোহর লালের সঙ্গে এক সৌজন্যমূলক সাক্ষাৎকারে মিলিত হন। সাক্ষাৎকালে তিনি আগরতলায় লাইট হাউজ প্রজেক্টের কাজটি দ্রুত সম্পন্ন করার বিষয়ে আলোচনা করেন।

**************************

**Blood Donation-Udaipur :**

অর্থমন্ত্রী প্রনজিৎ সিংহ রায় আজ উদয়পুর নেতাজি সুভাষ কলেজে এনএসএস ইউনিটের উদ্যোগে আয়োজিত রক্তদান শিবিরের অনুষ্ঠিত উদ্বোধন করেন। তিনি রক্তদানের উপর গুরুত্ব আরোপ করে বিভিন্ন সামাজিক অনুষ্ঠানে রক্তদান শিবির করার পরামর্শ দেন। শিবিরে উপস্থিত ছিলেন বিধায়ক অভিষেক দেবরায় ও উদয়পুর পুর পরিষদের চেয়ারম্যান শীতল মজুমদার প্রমুখ। এদিকে, মজদুর সংঘের ৭১তম প্রতিষ্ঠা দিবস উপলক্ষে ত্রিপুরা অটোরিকশা মজদুর সংঘের রাজারবাগ শালগড়া লাইন কমিটির উদ্যোগে উদয়পুর রাজারবাগ মোটর স্ট্যান্ডেও আজ রক্তদান শিবিরের আয়োজন করা হয়।

**********************************************

**VC-PM Surya Ghar Mufta Bijli Yojna :**

ত্রিপুরা রাজ্যে বিদ্যুৎ ক্ষেত্রে যুগান্তকারী সাফল্যের অনন্য সুযোগ এনে দিয়েছে ‘পিএম সূর্য ঘর মুফত বিজলি যোজনা’। রাজ্যের বিদ্যুৎ উৎপাদন ব্যবস্থায় সৌরশক্তির ব্যবহারে ইতিমধ্যেই ২ মেগাওয়াট উৎপাদন ছুঁয়েছে, যা এক ঐতিহাসিক মাইলফলক। ত্রিপুরা রাজ্য বিদ্যুৎ নিগম লিমিটেডের তরফে সকল বিদ্যুৎ গ্রাহকদের কাছে বক্তব্য—নিজের ছাদেই বিদ্যুৎ তৈরি করে বিদ্যুৎ বিল শূন্য করার পাশাপাশি আয় করার এক সুযোগ এই যোজনা। একটি প্রতিবেদন।

########VC#######

**************************

**Tipra Motha :**

প্রদ্যোৎ কিশোর দেববর্মার নেতৃত্বে তিপরা মথা দলের এক প্রতিনিধি দল আজ নয়াদিল্লিতে বিজেপি-র সর্বভারতীয় সভাপতি জেপি নাড্ডার সঙ্গে দেখা করে ত্রিপুরায় ভোটার তালিকার বিশেষ নিবিড় সমীক্ষার প্রয়োজনীয়তার উপর গুরুত্ব আরোপ করেন।

**************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

**************************

**India, UK ink FTA :**

ভারত ও যুক্তরাজ্য আজ একটি ঐতিহাসিক মুক্ত বাণিজ্য চুক্তি স্বাক্ষর করেছে। চেকার্সে ব্রিটিশ প্রধানমন্ত্রী কেয়ার স্টারমারের সঙ্গে আলোচনার পর এক প্রেস বিবৃতিতে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেন, আজ ভারত-যুক্তরাজ্য দ্বিপাক্ষিক সম্পর্কের ক্ষেত্রে একটি ঐতিহাসিক দিন। বহু বছরের কঠোর পরিশ্রমের পর দু'দেশের মধ্যে ব্যাপক অর্থনৈতিক ও বাণিজ্য চুক্তি স্বাক্ষরিত হওয়ায় তিনি আনন্দ প্রকাশ করেন। তিনি উল্লেখ করেন যে এই চুক্তি ভারত ও যুক্তরাজ্যের সমৃদ্ধির পথ প্রশস্ত করবে। তিনি বলেন যে ভারতীয় বস্ত্র, পাদুকা, রত্ন ও অলংকার, সামুদ্রিক খাবার, প্রক্রিয়াজাত খাদ্য এবং ইঞ্জিনিয়ারিং পণ্য যুক্তরাজ্যে আরও ভালো বিপণনের সুযোগ সৃষ্টি হবে। তিনি বলেন যে এই চুক্তি ভারতের যুবসমাজ, কৃষক, জেলে এবং এমএসএমই খাতের জন্য বিশেষভাবে উপকারী প্রমাণিত হবে।

পহেলগামে সন্ত্রাসী হামলার তীব্র নিন্দা জানানোর জন্য শ্রী মোদী প্রধানমন্ত্রী স্টারমার এবং তার সরকারকে ধন্যবাদ জানান। সন্ত্রাসবাদের বিরুদ্ধে লড়াইয়ে দ্বিমুখী নীতির কোনও স্থান নেই বলে উল্লেখ করেন তিনি।

######Byte-PM######

তিনি ইন্দো-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলে যত তাড়াতাড়ি সম্ভব শান্তি ও স্থিতিশীলতা পুনরুদ্ধারের প্রতি সমর্থন ব্যক্ত করেন।

তিনি গত মাসে আহমেদাবাদে দুর্ঘটনায় নিহত ব্রিটিশ নাগরিকদের পরিবারের প্রতি সমবেদনা জানান। তিনি বলেন যুক্তরাজ্যে বসবাসকারী ভারতীয় বংশোদ্ভূতদের অবদান কেবল যুক্তরাজ্যের সমৃদ্ধ অর্থনীতিতে সীমাবদ্ধ নয়, বরং যুক্তরাজ্যের সংস্কৃতি, খেলাধুলা এবং জনসেবায়ও

দৃশ্যমান। শ্রী মোদী  যুক্তরাজ্যে তাঁর আতিথেয়তার জন্য শ্রী স্টারমারকে ধন্যবাদ জানিয়ে তাঁকে ভারত সফরের জন্য আমন্ত্রণ জানান।

যুক্তরাজ্যের প্রধানমন্ত্রী কেয়ার স্টারমার তাঁর বিবৃতিতে বলেছেন যে ই.ইউ ত্যাগের পর থেকে মুক্ত বাণিজ্য চুক্তি যুক্তরাজ্যের সবচেয়ে বড় এবং অর্থনৈতিকভাবে গুরুত্বপূর্ণ বাণিজ্য চুক্তি। তিনি প্রধানমন্ত্রী মোদীর নেতৃত্ব এবং বাস্তব দৃষ্টিভঙ্গির জন্য তাঁকে ধন্যবাদ জানান। তিনি আরও বলেন যে এই চুক্তি উভয় দেশের জন্যই বিশাল সুবিধা বয়ে আনবে।

যুক্তরাজ্যের প্রধানমন্ত্রী আরও বলেন যে এটি প্রতি বছর যুক্তরাজ্যের অর্থনীতিতে প্রায় ৪.৮ বিলিয়ন পাউন্ড এবং মজুরিতে ২.২ বিলিয়ন পাউন্ড যোগ করবে।

*****************************

**Dr. L. Murugan-LS REPLY :**

কেন্দ্রীয় তথ্য ও সম্প্রচার প্রতিমন্ত্রী ডঃ এল. মুরুগান বলেছেন, কেন্দ্রীয় সরকার সমস্ত রাজ্যে আকাশবাণী এবং দূরদর্শন কেন্দ্রগুলির আধুনিকীকরণ এবং সম্প্রসারণের জন্য পদক্ষেপ গ্রহণ করেছে। লোকসভায় এক লিখিত উত্তরে ডঃ মুরুগান জানিয়েছেন, কেন্দ্রীয় ক্ষেত্রের প্রকল্প - ব্রডকাস্টিং ইনফ্রাস্ট্রাকচার অ্যান্ড নেটওয়ার্ক ডেভেলপমেন্ট বা বাইন্ড এর আওতায় এই মানোন্নয়নের কাজ হচ্ছে। তিনি জানান, ২০২১-২০২৬ এর মেয়াদে মোট ২ হাজার ৫৩৯ কোটিরও বেশি টাকার এই প্রকল্পটি অনুমোদিত হয়েছিল।

****************************

**Maan-Ki-Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২৭শে জুলাই, রবিবার সকাল ১১টায় আকাশবাণীর 'মন-কি-বাত' অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন। এটি হবে 'মন-কি-বাত'-এর ১২৪তম পর্ব। বেলা ১১-টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি চ্যানেল এবং আকাশবাণীর নিউজ অন এ.আই.আর. ওয়েবসাইট, মোবাইল অ্যাপ,

প্রধানমন্ত্রীর দফতর ও তথ্য ও সম্প্রচারমন্ত্রকের ওয়েবসাইট ও ইউটিউব চ্যানেলেও “মন-কি-বাত” সম্প্রচারিত হবে। হিন্দিতে এই অনুষ্ঠান সম্প্রচারিত হবার পরেই আঞ্চলিক ভাষায় এর তর্জমা শোনা যাবে। নিঃশুল্ক নম্বর ১৮০০-১১-৭৮০০ নম্বরে ম্যাসেজ করে কিংবা মাই গর্ভ বা নমো অ্যাপে এমাসের ২৫ তারিখ পর্যন্ত মতামত জানানো যাবে।

**********************************

**TBSE :**

ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদের সভাপতি ড. ধনঞ্জয় গণ চৌধুরী আজ আগরতলায় সাংবাদিক সম্মেলনে চলতি বছরের মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিকের বছর বাঁচাও পরীক্ষার ফল ঘোষণা করেন। তিনি জানান, এবছর বছর বাঁচাও পরীক্ষার জন্য উচ্চ মাধ্যমিকে ২৯৯৫ জন পরীক্ষার্থী আবেদন করেছিল। তার মধ্যে ২৭১০ জন পরীক্ষায় বসেছেন। পাশ করেছে ১৯১৯ জন। পাশের হার ৭০ দশমিক ৮১ শতাংশ। মাধ্যমিকে ৩১৫৫ জন পরীক্ষার জন্য আবেদন করেছিল। পরীক্ষায় বসেছে ২৭৭২ জন। পাস করেছে ১৭৫৭ জন। পাশের হার ৬৩ দশমিক ৩৮ শতাংশ। সাংবাদিক সম্মেলনে পর্ষদ সচিব দুলাল দে জানিয়েছেন ২০২৭ সালে মাধ্যমিক এবং উচ্চ মাধ্যমিক পরীক্ষার জন্য নবম ও একাদশ শ্রেণী পড়ুয়াদের অনলাইন রেজিস্ট্রেশন আগামী পয়লা আগস্ট থেকে শুরু হচ্ছে।

******************************

**CPIM :**

মৎসজীবি সমবায়ের হাতে সরকারি জলাশয় তুলে দেওয়া সহ ১৩ দফা দাবিতে আজ ত্রিপুরা মৎস্যজীবী ইউনিয়ন রাজভবন অভিযান করে। সার্কিট হাউসের সামনে এক সভায় বক্তব্য রাখেন প্রাক্তন মুখ্যমন্ত্রী মানিক সরকার, বিরোধী দলনেতা জীতেন্দ্র চৌধুরী, তপশিলি জাতি সমন্বয় সমিতির রাজ্য সম্পাদক সুধন দাস, প্রাক্তন মন্ত্রী রতন ভৌমিক প্রমুখ। তারা মৎস্যজীবীদের আর্থ-সামাজিক মানোন্নয়নে রাজ্য সরকারের কি কি পদক্ষেপ গ্রহণ করা উচিত তা বিস্তারিত উল্লেখ করে বক্তব্য রাখেন।

****************************

**Varshmangal Utsav :**

কুমারঘাটের গীতাঞ্জলি অডিটরিয়ামে আজ বর্ষামঙ্গল উৎসব -২০২৫ অনুষ্ঠিত হয়। তথ্য-সংস্কৃতি দপ্তর আয়োজিত এই উৎসবের উদ্বোধন করেন বিধায়ক ভগবান চন্দ্র দাস। উপস্থিত ছিলেন, ঊনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাশ, সহকারী সভাধিপতি সন্তোষ ধর,কুমারঘাট পুর পরিষদের চেয়ারপার্সন বিশ্বজিৎ দাস প্রমুখ।

****************************

**Under-18 Cricket :**

ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশন পরিচালিত প্রথম বারের মত অনূর্ধ্ব ১৮ বছরের ক্লাব ক্রিকেট প্রতিযোগিতা আজ থেকে শুরু হয়েছে। উদ্বোধনী দিনে তিনটি খেলা হয়। নরসিংগড়ের পিটিএ মাঠে চলমান সংঘ ৪ উইকেটে ব্লাডমাউথ ক্লাবকে, টিআইটি মাঠে হার্ভে ক্লাব ১৮১ রানে সংহতি ক্লাবকে এবং এম বি বি স্টেডিয়ামে কসমোপলিটন ক্লাব ৩ উইকেটে জয়নগর ক্রিকেট ক্লাবকে পরাজিত করে। মোট ১৪টি ক্লাব আসরে অংশ নিয়েছে। গ্রুপ লিগ কাম নকআউট পদ্ধতিতে আসরে চ্যাম্পিয়নশীপের ফয়সলা হবে।

*****************************

**Football :**

কৈলাশহর কলেজ স্টেডিয়ামে আজ যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের উদ্যোগে অনুষ্ঠিত হয় ঊনকোটি জেলাভিত্তিক সুব্রত মুখার্জি কাপ ফুটবল প্রতিযোগিতা। উদ্বোধন করেন ঊনকোটি জিলা পরিষদের সভাধিপতি

অমলেন্দু দাশ। অনূর্ধ্ব ১৫ বয়সীদের দুটি দল ও অনূর্ধ্ব ১৭ বয়সীদের চারটি দল প্রতিযোগিতায় অংশ নেয়।

****************************

**SM Cup Football–Sepahijala :**

চড়িলামের পন্ডিত দীনদয়াল উপাধ্যায় স্টেডিয়ামে আজ সিপাহীজলা জেলাভিত্তিক সুব্রত কাপ ফুটবল টুর্নামেন্ট অনুষ্ঠিত হয়। এই টুর্নামেন্টে অনূর্ধ্ব ১৫ ও অনূর্ধ্ব ১৭ বছর বয়সী বালক–বালিকা বিভাগে মোট ৯টি দল অংশগ্রহন করে।

****************************

**Football–Khowai :**

ক্রীড়া ও যুব বিষয়ক দপ্তরের উদ্যোগে আজ খোয়াই সরকারি দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের মাঠে জেলাভিত্তিক স্কুলগুলোকে নিয়ে সুব্রত কাপ ফুটবল প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। জেলার অনূর্ধ্ব ১৫ এবং ১৭ ছেলে এবং মেয়েদের মোট ছয়টি দল অংশগ্রহণ করে। উদ্বোধন করেন খোয়াই ফুটবল এসোসিয়েশনের সভাপতি সমীর কুমার দাস।

****************************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের সবকটি জেলাতে বজ্রবিদ্যুৎ সহ ভারী বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬.৮ ডিগ্রি সেলসিয়াস এর কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৩ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৫ ডিগ্রি সেলসিয়াস। আদ্রতা সর্বোচ্চ ৯৯ শতাংশ এবং সর্বনিম্ন ৬০ শতাংশ।

****************************